

তাৰিখ ..... 13 JAN 2017  
পৃষ্ঠা 2 ..... 2

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নের চেষ্টা চলছে

শিক্ষামন্ত্রী

### সমকাল প্রতিবেদক

প্রথম সমাবর্তন টুপলক্ষে গতকাল  
বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায়  
রাজধানীতে আনন্দ শোভাযাত্রা বের  
করেছিল জাতীয় বিশ্ববিদ্যালয়।  
শোভাযাত্রা শেষে এক সমাবেশে  
শিক্ষামন্ত্রী তার বক্তব্য বলেন,  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন  
কলেজগুলোর শিক্ষার মানোন্নয়নে  
চেষ্টা অব্যাহত রয়েছে।  
বিশ্ববিদ্যালয়ের ছয়টি আকলিক  
অফিসের মাধ্যমে স্বার্বিক ব্যবস্থাপনা  
ও পরীক্ষা পরিচালনা করা হচ্ছে।  
ফলে সেশনজট অনেক কমে  
এসেছে। শিক্ষকদের প্রশিক্ষণ ও  
ব্যবস্থাপনা ■ পৃষ্ঠা ১৭ : কলাম ২

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

উন্নয়নের জন্য ১০০ মিলিয়ন ডলারের প্রাকলু ধ্রুণ করা হয়েছে। শোভাযাত্রায়  
বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী অংশ নেন।  
রাজধানীর জাতীয় জাদুঘরের সামনে থেকে শুরু হওয়া এ শোভাযাত্রা বাংলা  
একাডেমি, দোয়েল চতুর হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে শিয়ে শেষ হয়। এতে  
নেতৃত্ব দেন শিক্ষামন্ত্রী নবুল ইসলাম নাহিদ।

সমাবেশে প্রধান আইথির বক্তৃতায় মন্ত্রী আরও বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়  
একসময় দুর্নীতি-আনিয়ন্ত্রণ, অবৈধ নিয়োগ, দুর্বিষ্঵েষণ সেশনজটে নিমজ্জিত ছিল।  
সেশনজটের কারণে ছাত্রাত্মিকের অনেক মূলাবান সময় নষ্ট হয়েছে। বর্তমানে  
আর কোনে পরীক্ষাজট নেই। এ বিশ্ববিদ্যালয়ের অধীন প্রায় দুই হাজার ৫০০  
কলেজ এখন সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

মন্ত্রী বলেন, আগস্টী ১৭ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত  
হবে। এখন থেকে প্রতিবছর সমাবর্তন অনুষ্ঠিত হবে বলে তিনি আশা বাদ ব্যক্ত  
করেন। তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যা যা  
প্রয়োজন, তা করা হবে। ল্যাবরেটরি, লাইব্রেরিসহ অনান্য অবকাঠামো উন্নয়ন  
করা হবে। মন্ত্রী বলেন, আমাদের নতুন প্রজন্মই উন্নত বাংলাদেশ নির্মাণ করবে।  
নতুন প্রজন্মকে এমনভাবে তৈরি করতে হবে, যাতে তারা দুনিয়ার যে কোনো  
জায়গায় স্থান করে নিতে পারে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি)  
চেয়ারম্যান প্রফেসর আব্দুল মানান এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য  
প্রফেসর ড. হারুন-অর-রশিদ সমাবেশে বক্তৃতা করেন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা  
বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এ সময় উপস্থিত ছিলেন। এর আগে  
মন্ত্রী জাতীয় জাদুঘরের সামনে আনন্দ শোভাযাত্রা উদ্বোধন করেন। জাতীয়  
বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন কলেজের ছাত্রাত্মী ও শিক্ষকরা রাজিতে অংশ  
নেন।